

হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট - ডিসক্রেশনারী হাউজিং পেমেন্ট সংক্রান্ত নির্দেশিকা।

(Housing Benefit and Council Tax Benefit - a guide to Discretionary
Housing Payments)

এ লিফলেটে ডিসক্রেশনারী হাউজিং পেমেন্ট এর বিস্তারিত বর্ণনা করা হয়েছে। নিয়মনীতিগুলো জাতীয়ভাবে প্রযোজ্য এবং যে এলাকায়ই বাস করুন না কেন সেখানে তা একই রকম। আপনি যে এলাকায় বাস করেন তা কোন কাউন্সিলের আওতায় পড়ে তা জানা না থাকলে তা কাউন্সিল ট্যাক্স বিল থেকে জানতে পারবেন।

ডিসক্রেশনারী হাউজিং পেমেন্ট (ডি এইচ পি) কি?

ডিসক্রেশনারী হাউজিং পেমেন্ট বা ডি এইচ পি হলো যে সব কাস্টমারদের হাউজিং বা গৃহায়ন জনিত ব্যয় বহন করার জন্য তাদেরকে যে বেনিফিট দেয়া হয় তাদের চাহিদা তার চেয়ে বেশী, সেসব কাস্টমারদের তাদের ভাড়া, কাউন্সিল ট্যাক্স বা উভয়ই পরিশোধ করতে সাহায্য করার জন্য দেয়া অতিরিক্ত টাকা।

কাউন্সিলকে ডি এইচ পি দেবার জন্য সরকার থেকে প্রতিবৎসর একটি নিদৃষ্ট পরিমাণ অর্থ দেয়া হয় এবং তারা সরকারের নির্ধারিত সীমার বাইরে তা ব্যয় করতে পারেনা।

নিম্নলিখিত ব্যাপারে ডি এইচ পি দেয়া যাবেনা:

- যে সব সার্ভিস চার্জ হাউজিং বেনিফিটের আওতার বাইরে
- বকেয়া ভাড়া পরিশোধে
- আপনাকে দেয়া জব সিকার্স এলাওয়েন্সের কারণে হাউজিং বেনিফিট থেকে কেটে রাখা টাকার জন্য
- যখন আপনার হাউজিং ও/বা কাউন্সিল ট্যাক্স বেনিফিটের পেমেন্ট স্থগিত রাখা হয় তখন।
- আপনি যখন শুধুমাত্র কাউন্সিল ট্যাক্স বেনিফিট পাওয়ার যোগ্য তখন ভাড়া পরিশোধের জন্য।
- আপনি যখন একমাত্র হাউজিং বেনিফিট পাচ্ছেন তখন আপনার কাউন্সিল ট্যাক্স পরিশোধ করার জন্য।
- যেখানে সেকেন্ড এডাল্ট রিবেট হলো একমাত্র বেনিফিট যা দেয়া হচ্ছে।

আমি কিভাবে ডি এইচ পি -র জন্য আবেদন করবো?

আপনি ডি এইচ পি এর জন্য আবেদন করতে পারবেন একমাত্র তখনই যখন আপনি বর্তমানে হাউজিং এবং/বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট পাবার যোগ্য। একটি এপ্লিকেশন ফরমের (আবেদনপত্র) জন্য আপনার স্থানীয় কাউন্সিলের বেনিফিট সার্ভিসে যোগাযোগ করুন।

আমি ডি এইচ পি পাবার উপযুক্ত কিনা সে সিদ্ধান্ত আপনারা কিভাবে নেবেন?

সিদ্ধান্ত নেবার সময় নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করা হয়:

- আপনার মোট আয়
- আপনার কোন সন্ধ্য আছে কিনা
- বাড়ীর আর কেউ অর্থিক সাহায্য করতে পরবেন কি না
- আপনার কোন ধার বা দেনা আছে কি না
- আপনার অবস্থার উন্নয়ন করার জন্য আপনি আপনার অর্থিক ব্যবস্থাকে পুনর্বিদ্যাস করতে পারেন কিনা
- আপনার ও আপনার পরিবারের বিশেষ কোন পরিস্থিতি যেমন অসুস্থতা বা অক্ষমতা।
- আপনি নিজেই সমস্যার সমাধান করার উদ্যোগ নিয়েছেন কিনা।

আপনার কাছে অনেক কিছু জানতে চাওয়া হবে এবং আপনাকে হয়তো আপনার স্থানীয় কাউন্সিলে গিয়ে আপনার দাবীর ব্যাপারে বিস্তারিত আলোচনা করার জন্য বলা হতে পারে।

আপনাকে সিদ্ধান্ত ও সিদ্ধান্তের কারণ জানিয়ে চিঠি দেয়া হবে। যদি ডি এইচ পি বরাদ্দ করা হয় তবে আপনাকে তার পরিমাণ ও তার সময় সীমা চিঠিতে জানানো হবে।

আমি কতো টাকা এবং তা কতোদিনের জন্য পেতে পারি?

আপনি কতো পাবেন তা আপনার পরিস্থিতির উপর নির্ভর করবে। প্রতিটি কেইস আলাদা ভাবে বিবেচনা করা হয় ও বিভিন্ন সময়সীমার জন্য বরাদ্দ করা হয়। তবে আপনাকে আসলেই কোনো টাকা দেয়া হবে কিনা তার কোনো নিশ্চয়তা নেই।

মনে রাখবেন, হাউজিং বেনিফিটের জন্য, যে টাকা দেয়া হবে তা আপনার মোট ভাড়া থেকে বিদ্যুৎ ও পানির মতো সার্ভিস চার্জ বাদ দিয়ে যা থাকবে তার বেশী হবে না, এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিটের জন্য যে টাকা দেয়া হবে তা আপনার কাউন্সিল ট্যাক্স এর দেনা থেকে বেশী হবে না।

আমার আবেদন সফল হলে আমাকে কিভাবে ডি এইচ পি দেয়া হবে?

আপনার আবেদন সফল হলে, আপনাকে যে হাউজিং বা কাউন্সিল ট্যাক্স বেনিফিট দেয়া হয় তার সাথেই আপনার ডি এইচ পি দেয়া হয়, যদিও ডি এইচ পি গুলো বেনিফিট পেমেন্ট নয়।

আমার ডি এইচ পি এপ্লিকেশন এর ব্যাপারে যে সিদ্ধান্ত নেয়া হয়েছে তার সাথে আমি দ্বিমত পোষন করলে আমাকে কি করতে হবে?

আপনাকে ডি এইচ পি বরাদ্দ না করা, এর পরিমাণ বা এর সময়সীমার সিদ্ধান্তের ব্যাপারে আপনি যদি দ্বিমত পোষন করেন তবে আপনি সিদ্ধান্তটি পুনরায় বিবেচনা করার জন্য অনুরোধ জানাতে পারেন।

সিদ্ধান্তের চিঠি পাবার এক মাসের মধ্যে কেন আপনি এ সিদ্ধান্তের ব্যাপারে দ্বিমত পোষন করেন তা জানিয়ে আপনার স্থানীয় কাউন্সিলে চিঠি লিখতে হবে।

আপনাকে ডিসক্রেশনারী হাউজিং পেমেন্ট বরাদ্দ না করার সিদ্ধান্তের প্রতি আপনি দ্বিমত পোষন করলে এর বিরুদ্ধে ট্রাইবুনাল সার্ভিসে আপনি আপিল করতে পারবেন না।

যদি আমার পরিস্থিতির পরিবর্তন হয় তাহলে কি হবে?

আপনার পরিস্থিতির পরিবর্তন হলে, সাথে সাথে আপনার স্থানীয় কাউন্সিলে লিখিতভাবে জানাতে হবে।

আপনার বরাদ্দের কোন পরিবর্তন হয়েছে কিনা তা দেখার জন্য আপনার ডি এইচ পি পুনরায় বিবেচনা করা হবে।

পরিবর্তনের ফলে যদি দেখা যায় যে আপনার ডি এইচ পির পরিমাণ কমে গেছে তবে আপনাকে হয়তো ডি এইচ পির কিছু বা পুরো অংশ যা দেয়া হয়েছে তা ফেরৎ দিতে হবে।

আমি কোথায় আরো উপদেশ পাবো?

আপনি আরো তথ্য বা উপদেশ চাইলে স্থানীয় কাউন্সিলে যোগাযোগ করুন (আপনার কাউন্সিল ট্যাক্স বিলে আপনার স্থানীয় কাউন্সিলের নাম পাবেন)

অন্যথায় আপনি আপনার স্থানীয় সিটিজেন্স এডভাইস ব্যুরো বা ওয়েলফেয়ার রাইটস সার্ভিসে যোগাযোগ করতে পারেন। আপনার স্থানীয় ফোন বুক বিস্তারিত জানতে পারবেন।

অন্যান্য মাধ্যম

এ পুস্তিকার তথ্যাদি আপনি বড় ছাপা, ব্রেইল, অডিও ও অন্যান্য ভাষায় পাবেন। আরো তথ্যের জন্য আমাদের www.benefit-leaflets.org এ ওয়েবসাইট দেখুন।